যুগান্তর

তারিখ ... 25 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# ছাত্রীর অশ্লীল ছবি ফেসবুকে ছড়িয়ে ব্ল্যাকমেইল

## ঠাকুরগাঁওয়ে প্রতিবাদ

**ঠাকুরগাঁও প্রতিনিধি**

ছাত্রীর অশ্লীল ছবি ফেসবুকসহ বিভিন্ন সামাজিক মাধ্যমে ছড়িয়ে ও নগ্ন ভিডিও ধারণ করে নানাভাবে ছাত্রীকে ব্ল্যাকমেইল করার অভিযোগ উঠেছে ঠাকুরগাঁয়ে এক শিক্ষকের বিরুদ্ধে। তার শাস্তি দাবিতে সোমবার জামালপুর ভগদগাজীতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে স্থানীয়রা। সামাজিক যোগাযোগ মাধ্যমেও শুরু হয়েছে আন্দোলন।

ওই শিক্ষকের নাম পইদুল ইসলাম। তিনি সদর উপজেলার জামালপুর ভগদ গাজী উচ্চ বিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষক। তার বাড়ি রায়পুর ইউনিয়নের মটরায়।

আন্দোলনকারীরা জানান, পইদুল প্রাইভেট পড়ানোর সুবাদে একাধিক ছাত্রীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলে। গোপন কক্ষে ডেকে নিয়ে মেলামেশা করত এবং নগ্ন ছবি ও ভিডিও ধারণ করত। পরে সেই ছবি ও ভিডিও দেখিয়ে মেলামেশা করতে বাধ্য করত। সম্প্রতি কিছু ছবি তিনি ফেসবুকে প্রকাশ করেন। পরে এক ছাত্রীর স্বজনরা তার মোবাইলে ছবি ও ভিডিও পান।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হেমাইনুদ্দিন চৌধুরী জানান, তদন্ত কমিটি গঠন করা হয়েছে। প্রধান শিক্ষক রফিকুল ইসলাম জানান, তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ব্যবস্থা নেয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা আশরাফুল ইসলাম বলেন, কোনো অভিভাবক অভিযোগ করলে আইনানুসারে ব্যবস্থা নেয়া হবে। পইদুল ইসলামকে কয়েকবার ফোন দেয়া হলে প্রতিবারই তিনি ফোন কেটে দিয়ে বন্ধ করে রাখেন।